



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ জেলা পরিষদসমূহের নব-নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের শপথ গ্রহণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে গঠিত অভ্যর্থনা, রেজিস্ট্রেশন ও আপ্যায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ খাইরুল ইসলাম, অতিরিক্ত সচিব (পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ

তারিখ ও সময় : ১৩/১১/২০২২, সকাল-১০.০০ টা

স্থান : স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট 'ক'


৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জেলা পরিষদসমূহের নব-নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে আপ্যায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনায় অংশগ্রহণের লক্ষ্যে উপস্থিত সকলকে আহ্বান জানান।

৪। অভ্যর্থনা, রেজিস্ট্রেশন ও আপ্যায়ন সংক্রান্ত কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আগামী ১৪/১১/২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জেলা পরিষদসমূহের নব-নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের শপথ গ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথির সংখ্যা প্রায় ৩,০০০ (তিন হাজার) জন। উক্ত অতিথিবৃন্দের দুপুরের খাবারের ব্যবস্থা রাখা হয়েছে। প্যাকেটকৃত খাবার বিতরণের জন্য কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব প্রদান করা প্রয়োজন।

৫। আলোচনায় অংশ নিয়ে সম্মানিত সদস্যবৃন্দ বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। সংশ্লিষ্ট সকলের পরামর্শ ও আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত
১।	জনাব মোহাম্মদ ফজলে আজিম, যুগ্মসচিব ও জনাব রিয়াসাত আল ওয়াসিফ, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ এর নেতৃত্বে সহায়ক কর্মকর্তা/কর্মচারীদের সহায়তায় ১,৫০০ (এক হাজার পাঁচশত) প্যাকেটজাত খাবার মাননীয় মন্ত্রীবার্গ/সম্মানিত সিনিয়র সচিব/সচিবগণ/জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দ/আমন্ত্রিত অতিথিবৃন্দের মধ্যে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	জনাব পঙ্কজ ঘোষ, উপসচিব (পাস-১), স্থানীয় সরকার বিভাগ এর নেতৃত্বে জনাব এ,কে,এম, আনিছুজ্জামান সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, গাজী গোলাম মোস্তফা, সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, জনাব মোঃ শাহ জালাল, সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগসহ এবং সহায়ক ১০ (দশ) জন কর্মকর্তা/কর্মচারী ১,৫০০ (এক হাজার পাঁচশত) খাবারের প্যাকেট মিডিয়া, মেডিকেল টিম, গাড়ী চালক, পুলিশ/সিকিউরিটি/গ্যানম্যান/সহায়ক স্টাফ/বিআইসিসির কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩।	পুলিশ/সিকিউরিটি/গ্যানম্যান এবং গাড়ী চালকদের জন্য ৬০০ (ছয়শত) টোকেন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। মিডিয়া কর্মীদের জন্য ৭৫ (পঁচাত্তর) টি খাবারের বক্স স্থানীয় সরকার বিভাগের জনসংযোগ কর্মকর্তার মাধ্যমে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৪।	মিডিয়া, মেডিকেল টিম, গাড়ী চালক, পুলিশ/সিকিউরিটি/গ্যানম্যান/সহায়ক স্টাফ/বিআইসিসির কর্মকর্তা/কর্মচারীগণের খাবারের প্যাকেট সরবরাহের লক্ষ্যে আগারগাঁও বাণিজ্য মেলা মাঠের পূর্ব পাশে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র সংলগ্ন এলাকায় একটি পৃথক বৃথ প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ খাইরুল ইসলাম)
অতিরিক্ত সচিব (পানি সরবরাহ)
স্থানীয় সরকার বিভাগ

ও

আহ্বায়ক


অভ্যর্থনা, রেজিস্ট্রেশন ও আপ্যায়ন সংক্রান্ত কমিটি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৫০.০১.০২৮.২২-২৭০

তারিখ : ২৩ কার্তিক ১৪২৯
১৩ নভেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. সিনিয়র সহকারী/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।



(মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী)
যুগ্মসচিব
স্থানীয় সরকার বিভাগ